রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, এপ্রিল ৬, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ চৈত্র ১৪৩২/৩০ মার্চ ২০২৬

নং **৪৫.০০.০০০০.০০০.১৬০.০৬.০০০৭.২৬-৩০৩**—হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও চিকিৎসা সেবার মান উন্নয়নের লক্ষ্যে উপজেলা ও জেলা সদর/জেনারেল হাসপাতাল এবং ঢাকা সিটি ও ঢাকা সিটির বাহিরের মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতালসমূহের ব্যবস্থাপনা কমিটি সরকার নিম্নোক্তভাবে পুনর্গঠন করলেন :

**(ক) উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটি**

**কমিটির গঠন :**

| **নম্বর** | **পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** | **কমিটিতে অবস্থান** |
|---|---|---|
| ১। | সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার মাননীয় সংসদ সদস্য | সভাপতি |
| ২। | সংশ্লিষ্ট উপজেলার (যদি থাকেন) সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্য | সহ-সভাপতি |
| ৩। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সহ-সভাপতি |
| ৪। | উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৫। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সদস্য |
| ৬। | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |


**মূল্য :** টাকা ১২.০০

| নম্বর | পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ৭। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৮। | আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | সদস্য |
| ৯। | মেডিকেল অফিসার (এমসিএইচ) | সদস্য |
| ১০। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ১১। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ১২। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| ১৩। | উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের একজন প্রতিনিধি | সদস্য |
| ১৪। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (মহিলা চেয়ারম্যান অগ্রাধিকার) | সদস্য |
| ১৫। | একজন এনজিও প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৬। | সভাপতি, প্রেস ক্লাব (যদি থাকে) | সদস্য |
| ১৭। | একজন বিশিষ্ট গণ্যমান্য ব্যক্তি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৮। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

(১) কমিটির সভাপতির অনুমতি সাপেক্ষে সদস্য-সচিব সভা আহ্বান করবেন।

(২) সভাপতির অবর্তমানে বা তাঁর অনুমতিক্রমে সহ-সভাপতি/জ্যেষ্ঠ কোনো সদস্য এ কমিটির সভা পরিচালনা করতে পারবেন।

(৩) কমিটি মাসে ন্যূনতম একবার আলোচনায় মিলিত হবেন।

(৪) কমিটি প্রয়োজনবোধে সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে, তবে তার সংখ্যা কোনোভাবেই তিন জনের বেশি হবে না। কমিটিতে মহিলা সদস্য অন্তর্ভুক্তির প্রচেষ্টা করতে হবে।

(৫) মূল কমিটির ন্যূনতম সাতজনের উপস্থিতিতে কমিটির কোরাম পূর্ণ হবে।

(৬) কমিটি হাসপাতালের সকল চিকিৎসক ও কর্মচারীদের হাসপাতালে উপস্থিতি, কর্মকালীন সময়ে অবস্থান এবং দায়িত্ব পালন পরিবীক্ষণ করবেন।

(৭) কমিটি হাসপাতালের পরিষ্কার/পরিচ্ছন্নতা, বর্জ্য ব্যবস্থাপনা এবং কর্ম-পরিবেশ উন্নতকরণে বিশেষ ব্যবস্থ গ্রহণ করবেন।

(৮) কমিটি হাসপাতালের অগ্নিনির্বাপন ব্যবস্থা জোরদার করবেন এবং দুর্যোগ মোকাবেলায় জরুরি পদক্ষেপ গ্রহণ করবেন।

(৯) কমিটি উপজেলা হাসপাতাল হতে প্রদত্ত সেবার (নিরাময় ও প্রতিষেধক) পরিমাণগত ও গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে অগ্রাধিকার-ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করবে। বিশেষতঃ বীর মুক্তিযোদ্ধা, জুলাই যোদ্ধা, হতদরিদ্র, মহিলা ও শিশু, বৃদ্ধ ও সুবিধাবঞ্চিতদের সেবা সুনিশ্চিত করবে।

(১০) কমিটি স্থানীয়ভাবে সম্পদ আহরণ, রক্ষণ ও ব্যবহার করতে পারবেন। সরকার কর্তৃক বরাদ্দকৃত সম্পদের (মানবসম্পদ, ঔষধ, যন্ত্রপাতি, আসবাবপত্র, স্থাপনা ইত্যাদি) সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করবে।

(১১) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের অনুমোদিত বাজেটের মধ্যে বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

(১২) কমিটি প্রয়োজনবোধে বিশেষ দায়িত্ব পালনের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের জন্য কমিটির অন্তর্ভুক্ত/বাইরের ব্যক্তির সমন্বয়ে উপ-কমিটি গঠন করতে পারবে।

(১৩) উপজেলা ও তার নিম্নস্তরের চিকিৎসা/স্বাস্থ্য সেবা প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন, পরিবীক্ষণ এবং পর্যবেক্ষণ করবে।

(১৪) কমিটি হাসপাতালে রোগী সেবায় ব্যবহৃত যন্ত্রপাতি সচল রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।

(১৫) কমিটি সরকারি অর্থায়নে সরবরাহকৃত ঔষধ যথাযথভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

**(খ) জেলা সদর/জেনারেল হাসপাতাল ব্যবস্থাপনা কমিটি**

**কমিটির গঠন :**

| **নম্বর** | **পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** | **কমিটিতে অবস্থান** |
|---|---|---|
| ১। | সংশ্লিষ্ট জেলার জ্যেষ্ঠ মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী বা সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার মাননীয় সংসদ সদস্য | সভাপতি |
| ২। | সংশ্লিষ্ট জেলার (যদি থাকেন) সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্য | সহ-সভাপতি |
| ৩। | জেলা প্রশাসক | সদস্য |
| ৪। | পুলিশ সুপার | সদস্য |
| ৫। | সিভিল সার্জন | সদস্য |
| ৬। | মেয়র, সদর পৌরসভা | সদস্য |
| ৭। | উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | সদস্য |
| ৮। | উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ৯। | জেলা হিসাবরক্ষণ অফিসের প্রতিনিধি | সদস্য |
| ১০। | পৌরসভা কর্তৃক মনোনীত একজন মহিলা কাউন্সিলর | সদস্য |

| নম্বর | পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১১। | গণপূর্ত অধিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| ১২। | সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব | সদস্য |
| ১৩। | সভাপতি/সাধারণ সম্পাদক, স্থানীয় বিএমএ | সদস্য |
| ১৪। | জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের একজন প্রতিনিধি | সদস্য |
| ১৫। | সেবিকা তত্ত্বাবধায়ক (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে মনোনীত) | সদস্য |
| ১৬। | তত্ত্বাবধায়ক, সদর/জেনারেল হাসপাতাল | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

(১) কমিটির সভাপতির অনুমতি-সাপেক্ষে সদস্য-সচিব সভা আহ্বান করবেন।

(২) সভাপতির অবর্তমানে বা তাঁর অনুমতিক্রমে সহ-সভাপতি/জ্যেষ্ঠ কোনো সদস্য এ কমিটির সভা পরিচালনা করতে পারবেন।

(৩) কমিটি ন্যূনতম প্রতি মাসে একবার আলোচনায় মিলিত হবেন।

(৪) কোন যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে কোনো সদস্য পর পর তিনবার অনুপস্থিত থাকলে তার সদস্যপদ বাতিল বলে গণ্য হবে।

(৫) কমিটি প্রয়োজনবোধে সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে, তবে তার সংখ্যা কোনোভাবেই তিন জনের বেশি হবে না। কমিটিতে মহিলা সদস্য অন্তর্ভুক্তির প্রচেষ্টা করতে হবে।

(৬) কমিটির সভায় ন্যূনতম মূল কমিটির সাতজন উপস্থিত থাকতে হবে।

(৭) কমিটি হাসপাতালের সকল চিকিৎসক ও কর্মচারীদের হাসপাতালে উপস্থিতি, কর্মকালীন সময়ে অবস্থান এবং দায়িত্ব পালন পরিবীক্ষণ করবেন।

(৮) কমিটি হাসপাতালের পরিষ্কার/পরিচ্ছন্নতা, বর্জ্য ব্যবস্থাপনা এবং কর্মপরিবেশ উন্নতকরণে বিশেষ ব্যবস্থ গ্রহণ করবেন।

(৯) কমিটি হাসপাতালের অগ্নিনির্বাপন ব্যবস্থা জোরদার করবেন এবং দুর্যোগ মোকাবেলায় জরুরি পদক্ষেপ গ্রহণ করবেন।

(১০) কমিটি জেলা হাসপাতাল হতে প্রদত্ত সেবার (নিরাময় ও প্রতিষেধক) পরিমাণগত ও গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে অগ্রাধিকারভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করবেন। বিশেষতঃ বীর মুক্তিযোদ্ধা, জুলাই যোদ্ধা, হতদরিদ্র, মহিলা, শিশু, বৃদ্ধ ও সুবিধাবঞ্চিতদের সেবা সুনিশ্চিত করবেন।

(১১) কমিটি স্থানীয়ভাবে সম্পদ আহরণ, রক্ষণ ও ব্যবহার করতে পারবেন। সরকার কর্তৃক বরাদ্দকৃত সম্পদের (মানবসম্পদ, ঔষধ, যন্ত্রপাতি, আসবাবপত্র, স্থাপনা ইত্যাদি) সুষ্ঠু ব্যবহার সুনিশ্চিত করবেন।

(১২) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের অনুমোদিত বাজেট এর মধ্যে বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

(১৩) কমিটি প্রয়োজনবোধে বিশেষ দায়িত্ব পালনের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের জন্য কমিটির অন্তর্ভুক্ত/বাইরের ব্যক্তির সমন্বয়ে উপ-কমিটি গঠন করতে পারবেন।

(১৪) জেলা পর্যায়ে চিকিৎসা/স্বাস্থ্যসেবা প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন করবেন।

(১৫) কমিটি হাসপাতালে রোগী সেবায় ব্যবহৃত যন্ত্রপাতি সচল রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।

(১৬) কমিটি সরকারি অর্থায়নে সরবরাহকৃত ঔষধ যথাযথভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

**(গ) ঢাকা সিটির মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতালসমূহের ব্যবস্থাপনা কমিটি**

**কমিটির গঠন :**

| **নম্বর** | **পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** | **কমিটিতে অবস্থান** |
|---|---|---|
| ১। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বা তাঁর কর্তৃক মনোনীত অন্য কোন মাননীয় মন্ত্রী/মেয়র/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী বা সংসদ সদস্য | সভাপতি |
| ২। | স্থানীয় মাননীয় সংসদ সদস্য | সহ-সভাপতি |
| ৩। | মহাপরিচালক/পরিচালক বা মহাপরিচালকের মনোনীত প্রতিনিধি, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৪। | মহাপরিচালক/পরিচালক বা মহাপরিচালকের মনোনীত প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৫। | পুলিশ কমিশনার বা মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৬। | অধ্যক্ষ, সংশ্লিষ্ট মেডিকেল কলেজ | সদস্য |
| ৭। | অধ্যাপকগণের দ্বারা নির্বাচিত একজন প্রতিনিধি | সদস্য |
| ৮। | প্রধান নির্বাহী কর্মকর্তা বা মনোনীত প্রতিনিধি, সিটি করপোরেশন | সদস্য |
| ৯। | প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী বা মনোনীত প্রতিনিধি, পি. ডব্লিউ.ডি. | সদস্য |
| ১০। | পরিচালক বা মনোনীত প্রতিনিধি, বিএসএস | সদস্য |
| ১১। | এনজিওদের প্রতিনিধি (স্থানীয় ফেডারেশন অফ এনজিওস ইন বাংলাদেশ/এফএনবি) কর্তৃক মনোনীত | সদস্য |
| ১২। | সভাপতি/সেক্রেটারি বা মনোনীত প্রতিনিধি, জাতীয় প্রেসক্লাব | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৩। | সভাপতি/সেক্রেটারি বা মনোনীত প্রতিনিধি, জাতীয় আইনজীবী সমিতি বাংলাদেশ | সদস্য |
| ১৪। | সভাপতি/মহাসচিব বা মনোনীত প্রতিনিধি, বিএমএ | সদস্য |
| ১৫। | সভাপতি/সেক্রেটারি বা মনোনীত প্রতিনিধি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ/এফবিসিসিআই, ঢাকা | সদস্য |
| ১৬। | সভাপতি বা মনোনীত প্রতিনিধি, মহিলা পরিষদ | সদস্য |
| ১৭। | আবাসিক সার্জন/আবাসিক ফিজিশিয়ান-এর একজন প্রতিনিধি | সদস্য |
| ১৮। | নার্সিং-এর প্রতিনিধি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান) | সদস্য |
| ১৯। | পরিচালক/তত্ত্বাবধায়ক, সংশ্লিষ্ট হাসপাতাল | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি :**

(১) কমিটির সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব সভা আহ্বান করবেন।

(২) সভাপতির অবর্তমানে বা তাঁর অনুমতিক্রমে সহ-সভাপতি এ কমিটির সভা পরিচালনা করতে পারবেন।

(৩) কমিটি ন্যূনতম প্রতি মাসে একবার আলোচনায় মিলিত হবেন।

(৪) দশজনের উপস্থিতিতে কমিটির সভার কোরাম হবে।

(৫) কমিটি প্রয়োজনবোধে সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে, তবে তার সংখ্যা কোনোভাবেই তিনজনের বেশি হবে না। কমিটিতে মহিলা সদস্য অন্তর্ভুক্তির প্রচেষ্টা করতে হবে।

(৬) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালে চিকিৎসা ও সেবাকার্যের মান উন্নয়ন, প্রশাসন ও পরিচালনার উন্নতিসাধন ও সেটিকে অধিকতর গণমুখী ও সেবা গ্রহণকারীর সহায়ককারী করার ব্যবস্থা গ্রহণ করবেন।

(৭) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের অনুমোদিত বাজেটের মধ্যে বার্ষিক কর্ম-পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

(৮) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালে বীর মুক্তিযোদ্ধা, জুলাই যোদ্ধা, দুঃস্থ, গরীব ও সুবিধাবঞ্চিতদের বিনামূল্যে সকল প্রকার সেবা প্রাপ্তি সুনিশ্চিত করবেন।

(৯) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের জন্য সম্পদ আহরণ, রক্ষণ ও ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করবেন।

(১০) কমিটি সরকার প্রদত্ত সকল সম্পদের (মানব-সম্পদসহ) সর্বোচ্চ যথাযথ ব্যবহার সুনিশ্চিত করবেন।

(১১) কমিটি হাসপাতালে কর্মরত চিকিৎসকসহ সকল কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে জনহিতকর সেবার অনুপ্রেরণা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করবেন।

(১২) কমিটি প্রয়োজন অনুযায়ী বিশেষ কাজের উদ্দেশ্যে কমিটির সদস্য ও কমিটির বাইরের ব্যক্তিদের সমন্বয়ে সুনির্দিষ্ট মেয়াদের জন্য উপ-কমিটি গঠন করতে পারবে।

**(ঘ) ঢাকা সিটির বাহিরের মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতালসমূহের ব্যবস্থাপনা কমিটি**

**কমিটির গঠন :**

| **নম্বর** | **পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** | **কমিটিতে অবস্থান** |
|---|---|---|
| ১। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বা তাঁর কর্তৃক মনোনীত অন্য কোন মাননীয় মন্ত্রী/মেয়র/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী বা সংসদ সদস্য | সভাপতি |
| ২। | স্থানীয় মাননীয় সংসদ সদস্য | সহ-সভাপতি |
| ৩। | বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক | সদস্য |
| ৪। | পুলিশ কমিশনার/পুলিশ সুপার | সদস্য |
| ৫। | অধ্যক্ষ, সংশ্লিষ্ট মেডিকেল কলেজ | সদস্য |
| ৬। | বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)/সিভিল সার্জন | সদস্য |
| ৭। | অধ্যপক/কনসালটেন্টদের দ্বারা নির্বাচিত একজন প্রতিনিধি | সদস্য |
| ৮। | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি করপোরেশন/মেয়র, পৌরসভা | সদস্য |
| ৯। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী, পি. ডব্লিউ.ডি. | সদস্য |
| ১০। | বিভাগীয় পরিচালক/উপ-পরিচালক, সমাজসেবা বিভাগ | সদস্য |
| ১১। | সুপারিনটেন্ট/নার্সিং সুপারভাইজার, সংশ্লিষ্ট হাসপাতাল | সদস্য |
| ১২। | সভাপতি/সাধারণ সম্পাদক বা মনোনীত সদস্য, স্থানীয় প্রেস ক্লাব | সদস্য |
| ১৩। | সভাপতি/সম্পাদক বা মনোনীত সদস্য, স্থানীয় আইনজীবী সমিতি | সদস্য |
| ১৪। | সভাপতি/সাধারণ সম্পাদক বা মনোনীত স্থানীয় বিএমএ | সদস্য |
| ১৫। | সভাপতি/সাধারণ সম্পাদক বা মনোনীত প্রতিনিধি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ/এফবিসিসিআই, ঢাকা | সদস্য |
| ১৬। | প্রাইভেট প্রাকটিশনারস এর প্রতিনিধি | সদস্য |
| ১৭। | জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের একজন প্রতিনিধি | সদস্য |
| ১৮। | স্থানীয় গণমান্য একজন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৯। | আবাসিক সার্জন/আবাসিক ফিজিশিয়ান-এর একজন প্রতিনিধি | সদস্য |

| নম্বর | পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ২০। | নার্সিং-এর প্রতিনিধি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান) | সদস্য |
| ২১। | পরিচালক/তত্ত্বাবধায়ক, সংশ্লিষ্ট হাসপাতাল | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

(১) কমিটির সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব সভা আহ্বান করবেন।

(২) সভাপতির অবর্তমানে বা তাঁর অনুমতিক্রমে সহ-সভাপতি এ কমিটির সভা পরিচালনা করতে পারবেন।

(৩) কমিটি ন্যূনতম প্রতি মাসে একবার আলোচনায় মিলিত হবেন।

(৪) দশজনের উপস্থিতিতে কমিটির সভার কোরাম হবে।

(৫) কমিটি প্রয়োজনবোধে সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে, তবে তার সংখ্যা কোনোভাবেই তিনজনের বেশি হবে না। কমিটিতে মহিলা সদস্য অন্তর্ভুক্তির প্রচেষ্টা করতে হবে।

(৬) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালে চিকিৎসা ও সেবাকার্যের মান উন্নয়ন, প্রশাসন ও পরিচালনার উন্নতি সাধন ও সেটিকে অধিকতর গণমুখী ও সেবা গ্রহণকারীর সহায়ককারী করার ব্যবস্থা গ্রহণ করবেন।

(৭) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের অনুমোদিত বাজেটের মধ্যে বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

(৮) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালে বীর মুক্তিযোদ্ধা, জুলাই যোদ্ধা, দুঃস্থ, গরীব সুবিধাবঞ্চিতদের বিনামূল্যে সকল প্রকার সেবা প্রাপ্তি সুনিশ্চিত করবেন।

(৯) কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের জন্য সম্পদ আহরণ, রক্ষণ ও ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করবেন।

(১০) কমিটি সরকার প্রদত্ত সকল সম্পদের (মানব-সম্পদসহ) সর্বোচ্চ যথাযথ ব্যবহার সুনিশ্চিত করবেন।

(১১) কমিটি হাসপাতালে কর্মরত চিকিৎসকসহ সকল কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে জনহিতকর সেবার অনুপ্রেরণা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করবেন।

(১২) কমিটি প্রয়োজন অনুযায়ী বিশেষ কাজের উদ্দেশ্যে কমিটির সদস্য ও কমিটির বাইরের ব্যক্তিদের সমন্বয়ে সুনির্দিষ্ট মেয়াদের জন্য উপ-কমিটি গঠন করতে পারবে।

০২। এ আদেশ দ্বারা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত পূর্ববর্তী সকল প্রজ্ঞাপন বাতিল করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী শরীফ উদ্দিন আহমেদ**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd